## ফসল

বসন্তে তোমাকে জানি সোনারঙ ... ত্রমশ নিবিড়
হয়ে আসো বরষায় ধীরে ধীরে মেঘেদের ভিড়
যখন আকাশে জমে দেখি ঘোর চন্দন বরণ
শরীর সজলস্পর্শ পদপাতে পথের নির্জন
ঘিরে থাকে যতদূর জাতিস্মর কুয়াশার মতো
স্মৃতির ভিতরে হাঁটি ... আবছায়া পূর্বপর গত
শুধু ক্ষণবিন্দুবৎ পাশাপাশি পদচিহ্নগুলি
আঁকা থাকে। অতঃপর অনাগত সাঁঝের গোধূলি
পেরিয়ে নদীর রূপ ছায়াপথ বিছানো আকাশ
শরতে বিস্তৃত নীল ... জ্যোৎস্নায় আদিগন্ত কাশ-
ফুল হয়ে ফুটে আছে। ভিতরে আনন্দে লুটোপুটি
হতে থাকি সারা রাত শেষে ভোর, অবসন্ন দুটি
ডানা মেলে উড়ে যাওয়া, পরিত্যক্ত উঠোন, ভাঁড়ার
ভরেছ হেমন্তবীজে ... মধুসাস কত দূরে আর ?

ঝিদেব মুখোপাধ্যায়

সৃষ্টিসন্ধান